

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। বর্তমান খালের চিত্র।
- ৩। ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের কপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning of all Water Hyacinth, Garbage, Trash etc from Mollah Bridge to Konapara of DND Canal.

১.০। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারের অধীনে প্রায় ৪.৬০ কিলোমিটার ডিএনডি খাল রয়েছে। ডিএনডি খাল শীতলক্ষ্যা নদী হতে সায়েদাবাদ পানি শোধনাগারের Raw Water Conveyance এবং Pre-Sedimentation Basin হিসাবে ব্যবহৃত হচ্ছে। শীতলক্ষ্যা নদী হতে “র”ওয়াটার ডিএনডি খালের মাধ্যমে এনে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পরিশোধিত ও বিশুদ্ধ পানি ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। আলোচ্য কাজটি “র”ওয়াটার পরিবহনের সাথে সম্পর্কিত বিধায় অত্র বিভাগ হতে নথিটি উপস্থাপন করা হয়েছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, ডিএনডি খালের কান্ডি সাইডের এলাকাবাসী দেয়ালের উপর দিয়ে ময়লা-আবর্জনা, পচা বর্জ্য, তাদের দৈনন্দিন জীবনের ব্যবহৃত দ্রব্যের অপ্রয়োজনীয় অংশ যেমন পলিথিন, কাগজ, ডাবের খোসা, ছেড়া জুতা, ককশীট উন্মুক্ত ডিএনডি খালের ভিতরে ফেলে দেয়। খালের উপর ৫ টি ব্রিজ, ৩ টি কালভার্ট ও এলাকা কেন্দ্রিক বাজার থাকায় ঐ সব স্থানে লোকজন ময়লা-আবর্জনা, মরা প্রাণী, জবাই করা পশু-পাখির নাড়ি-ভূড়ি, হাড় ইত্যাদি খালে ফেলানোর সুযোগ পায়। তাছাড়া ডিএনডি খালের পাশেই গড়ে উঠা শিল্প-কারখানা, প্লাস্টিক, রাবার, জুতা, পাইপ প্রভৃতি শিল্প বর্জ্য খালে ফেলা হচ্ছে। বর্তমানে ডিএনডি খালের Mollah Bridge to Konapara পর্যন্ত প্রাকৃতিকভাবে জন্মানো কচুরীপানা ও কলমিলতা দিয়ে বেশকিছু অংশ পূর্ণ হয়েছে(সংযুক্ত ক্রমিক নং-২ দ্রঃ)। কচুরীপানার নিচের অংশ পঁচে “র”ওয়াটারের সাথে মিশে পানির গুণগত মান ক্ষতিগ্রস্ত হচ্ছে। এছাড়া ডাম্পিংকৃত ময়লা-আবর্জনা কচুরীপানার উপর ভাসতে থাকে। এতে নদীর পানি ভাল হওয়ার পরও আশানুরূপ ভাল মানের পানি পাওয়া যাচ্ছে না। খালের তীরবর্তী স্থান হতে স্তপাকৃতি ময়লা-আবর্জনা গড়িয়ে পানিতে পড়ে ভাসমান অবস্থায় প্রবাহিত হয়ে মৃধাবাড়ী ক্রীনে আটকে থাকে। এছাড়াও ডিএনডি খালে ভাসমান ময়লা-আবর্জনা যেমন পলিথিন, কাগজ, ডাবের ছোবা, খড়কুটা, পচা কচুরীপানা ইত্যাদি পানিতে মিশে গিয়ে পানি মারাত্মকভাবে দূষিত হচ্ছে। এতে পানির স্বাভাবিক প্রবাহে বাধাগ্রস্ত হচ্ছে তৎসঙ্গে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখা সম্ভব হচ্ছেনা। ফলে কচুরীপানা ও অন্যান্য ময়লা-আবর্জনার কারণে পানি প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে এবং এরের জোন থেকে পানিতে অক্সিজেনের পরিমাণ কমে যাচ্ছে। কাজেই জরুরী ভিত্তিতে ডিএনডি খালের কোনোপাড়া হতে রাসেল ব্রিজ পর্যন্ত খালের ভিতরে কচুরীপানা এবং অন্যান্য ময়লা-আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ডিএনডি খালে পানির স্বাভাবিক প্রবাহ বৃদ্ধি পাবে সে সাথে পানির গুণগত মান ভাল অবস্থায় রাখার জন্য সহায়ক হবে।

২.০। সায়েদাবাদ পানি শোধনাগার সৃষ্ট পরিচালনার স্বার্থে ডিএনডি খালের Mollah Bridge to Konapara পর্যন্ত খালের ভিতরে কচুরী পানা এবং অন্যান্য ময়লা-আবর্জনা পরিষ্কার করার লক্ষ্যে ই-জিপি হতে প্রাপ্ত সর্বশেষ অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৪ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৭,৭৪০.০৮৯ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত চল্লিশ দশমিক শূন্য আট নয়) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ইং অর্থবছরের বরাদ্দকৃত রাজস্ব বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা হবে। উল্লেখ্য, কাজটি অনুমোদিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৭৫ এবং প্যাকেজ নং-W-29 এ অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)।

৩.০। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM তে দরপত্র আহ্বান করা যেতে পারে। এই কাজের জন্য অভিজ্ঞ ঢাকা ওয়াসার তালিকভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে যোগ্য ঠিকাদার নিয়োজিত করার লক্ষ্যে অত্র বিভাগ হতে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) এর (ঘ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM প্রয়োগের প্রস্তাবনা দেয়া হয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি LTM তে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে ক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০২ দ্রঃ)। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


৪.০। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত এর বিস্তারিত বর্ণনার আলোকে “Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Mollah Bridge to Konapara of DND” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র LTM পদ্ধতি তে দরপত্র আহ্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪,৯৭,৭৪০.০৮৯ (চার লক্ষ সাতানব্বই হাজার সাতশত চল্লিশ দশমিক শূন্য আট নয়) টাকার অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ইং অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) কোড নং-(০১-০৪-০১১) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য যে, উপর্যুক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


২৪/০৯/২৫

সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।




২৪/০৯/২৫
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।




২৪-০৯-২৫
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE (MSTPC)


২৪.০৯.২৫
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


অনুমোদিত



২৪/০৯/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


ঢাকা ওয়াসা


১.৬। অনুচ্ছেদ নং-১.৫ এ বর্ণিত প্রস্তাব সমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ায় Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Mollah Bridge to Konapara of DND canal কাজের দরপত্র দলিল প্রস্তুত করা হল এবং সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।


 ২৪/০৭/২৫
 মোঃ মাসুদুল করিম
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ২৫-০৭-২৫
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

১.৭। বর্ণিত কাজের স্বাক্ষরিত দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরণের জন্য প্রস্তুতকৃত চিঠি সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হইল।


 ২৪/০৭/২৫
 মোঃ মাসুদুল রহমান ভূঞা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ২৫-০৭-২৫
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

৫। Tender Notice।


৬। দরপত্র দলিল (Tender Document) বিক্রির নিমিত্তে ব্যাংকে প্রেরণের জন্য প্রস্তুতকৃত চিঠি।


৭। দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) ও দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) গঠন সংক্রান্ত অফিস আদেশ।

৮। দরপত্র উন্মুক্তকরণ কমিটির সভা আহবান সংক্রান্ত পত্র।

৯। দরপত্র উন্মুক্তকরণ তালিকা।


১.৮। সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, PPA-06 এর ধারা ০৭ এবং এর বিধি PPA-08 ৮ (১) অনুযায়ী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) আওতায় আহবানকৃত সকল দরপত্র/প্রস্তাব সমূহদরপত্র উন্মুক্ত করণের জন্য উন্মুক্ত করণ কমিটি (TOC), ও দরপত্র/প্রস্তাব মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটি-৮ (TEC-8) গঠন করা হয়েছে (ক্রমিক নং-৭ দ্রঃ)। Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Mollah Bridge to Konapara of DND canal কাজের জন্য ২৫/০৯/২০২৫ ইং তারিখে দরপত্র আহবান করা হয় এবং দরপত্র গ্রহণের শেষ তারিখ ২০/১০/২০২৫ ইং দুপুর ১২.০০ টা পর্যন্ত নির্ধারিত ছিল। PPA-08 এর ৯৭ (১) অনুযায়ী ক্রয়কারী কর্তৃক দরপত্র উন্মুক্ত করার জন্য ২০/১০/২০২৫ ইং তারিখ বেলা ৩.০০ টায় দরপত্র উন্মুক্তকরণ কমিটি কর্তৃক উন্মুক্ত করা হয় এবং ০৪ (চার) টি দরপত্র পাওয়া যায়। দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক Tender Opening Sheet (TOS) প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৯ দ্রঃ)। প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়নের নিমিত্তে দরপত্র সমূহের সাথে প্রাপ্ত মূল ডকুমেন্ট সহ নথিটি দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08), এর চেয়ারম্যান বরাবরে প্রেরণ করা যেতে পারে।


 ২৪/০৭/২৫
 সদস্য সচিব, দরপত্র উন্মুক্ত করণ কমিটি (TOC),
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।



 ২০-১০-২৫
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।

Chairman (TEC-08)

১.৯। সভা আহবানের ব্যবস্থা নিন।


 ২৪/০৭/২৫
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস্ সার্কেল-১
 ঢাকা ওয়াসা।


ও
চেয়ারম্যান দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8)


 ২৪/০৭/২৫

- ১০। দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08) এর সভা আহবান সংক্রান্ত পত্র।
১১। দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-08) এর মূল্যায়ন প্রতিবেদন।


১.১০। সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের অধীনে Cleaning of all water hyacinth, Garbage, Trash etc from Mollah Bridge to Konapara of DND canal কাজের দরপত্র টি সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) জন্য গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8) কর্তৃক মূল্যায়ন করা হয়েছে (ক্রমিক নং-১১ দ্রঃ)। মূল্যায়ন প্রতিবেদনে আলোচ্য কাজে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতা হিসেবে **M/S Shahin Trade International** এর ৮৪৭২৮৫৩.০৮৪ (চার লক্ষ বাহাত্তর হাজার আটশত তিগ্নান্ন দশমিক শূন্য আট চার) মাত্র টাকার (৫% নিম্নে) দরপত্রটি গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

১.১১। এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটি-৮ (TEC-8) এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য ক্রয় সংক্রান্ত চুক্তি অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


04-11-25


রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো (রক্ষণাবেক্ষণ)
ও

সদস্য সচিব দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8)
ঢাকা ওয়াসা।


04/11/25

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস্ সার্কেল-১, ঢাকা ওয়াসা
ও

চেয়ারম্যান দরপত্র মূল্যায়ন কমিটি (TEC-8)
ঢাকা ওয়াসা।


04/11/25

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্ধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা